প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।
Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের
১৫ ও ৩০ তারিখ
প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র
খবর সোজাসুজি
বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1 ● Issue-16 ● Bardhaman ● 30 January, 2024 ● Rs. 2.00 ( Four Pages ) ● Publisher - Israil Mallick

## এক নজরে

● প্রয়াত অভিনেত্রী শ্রীলা মজুমদার।বয়স হয়েছিল ৬৫ বছর। শনিবার দুপুর আড়াইটে নাগাদ টালিগঞ্জে নিজের বাড়িতেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

● বদলি হয়ে গেলেন গুড়াপ থানার ওসি প্রসেনজিৎ ঘোষ। প্রসেনজিৎবাবু ধনেখালি থানার ওসি হচ্ছেন।গুড়াপ থানার নতুন ওসি হচ্ছেন বাপি হালদার।আর ধনেখালি থানার বর্তমান ওসি অভিষেক চৌধুরী যোগ দিচ্ছেন দাদপুর থানার ওসি হিসেবে।

● "মেয়েরা লিপস্টিক লাগায় আমি শুনেছি,ছেলেরাও লিপস্টিক লাগায় এটা তো আগে জানতাম না", বর্ধমানের প্রশাসনিক সভা থেকে বিরোধীদের নিশানা করে তীব্র কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● বাংলা থেকে পদ্মশ্রী পেলেন গাছদাদু পুরুলিয়ার দুখু মাঝি,"বড় লোকের বিটি লো" গানের স্রষ্টা ভাদুশিল্পী বীরভূমের রতন কাহার, পুরুলিয়ার ছৌ নাচের মুখোশ শিল্পী নেপাল চন্দ্র সূত্রধর (মরণোত্তর পদ্মশ্রী), কলকাতার মৃৎশিল্পী সনাতন রুদ্র পাল, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগে একলব্য শর্মা ও নারায়ণ চক্রবর্তী, শিল্প ক্ষেত্রে বীরভূমের তাকদিরা বেগম ও কোচবিহারের গীতা রায় বর্মণ। এছাড়াও পদ্মশ্রী পেলেন বাংলাদেশের বরেণ্য রবীন্দ্রসংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা।

● বাংলা থেকে পদ্মভূষণ পেলেন অভিনেতা মিঠুন চক্রবর্তী,সঙ্গীত শিল্পী ঊষা উত্থুপ, রাজনৈতিক ক্ষেত্রে সত্যব্রত মুখার্জি (মরণোত্তর পদ্মভূষণ)।

● আরামবাগ থানার নতুন আইসি হচ্ছেন রাকেশ সিং।

● আবগারি দপ্তরে রদবদল। পশ্চিম মেদিনীপুরে বদলি হয়ে যাচ্ছেন ধনেখালি আবগারি দপ্তরের বর্তমান ওসি সাহিদ মন্ডল।

● ভারত জোড়ো ন্যায় যাত্রায় বাংলায় রাহুল গান্ধী !

● নতুন করে ৯ লাখ মানুষ পয়লা ফেব্রুয়ারি থেকেই পাবেন বার্ধক্য ভাতার টাকা, বর্ধমানের সভা থেকে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● বর্ধমান থেকে ফেরার পথে গাড়িতে আচমকাই ব্রেক কষায় কপালে চোট পেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● চাকরি আটকে রেখেছে রাম-বামেরা, বর্ধমানের গোদা ময়দানের প্রশাসনিক সভা থেকে মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● তৃণমূল নেতা শেখ শাহজাহানের বাড়িতে ফের ইডি,ছ'জন আধিকারিকের সঙ্গে ১২৫ জন্য

(এরপর চারের পাতায়)

## ভোটের আগে দরাজহস্ত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় !

ইসরাইল মল্লিক ঃ সামনেই লোকসভা নির্বাচন। জনগণের মন জয় করতে ময়দানে নেমে পড়েছে সব রাজনৈতিক দল। পিছিয়ে নেই রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসও। লোকসভা ভোটের আগে দরাজহস্ত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বর্ধমানের গোদা ময়দানের প্রশাসনিক সভা থেকে পূর্ব বর্ধমান এবং পশ্চিম বর্ধমান জেলার একাধিক প্রকল্পের উদ্বোধন এবং শিলন্যাস করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার মধ্যে, পূর্ব বর্ধমান জেলার ১৭.২৫ কিমি দীর্ঘ রায়না-দামিন্যা (ভায়া গোতান) রাস্তার দৃঢ়ীকরণ, পূর্ব বর্ধমান জেলার ১০ কিমি দীর্ঘ রায়না-জামালপুর রাস্তার দৃঢ়ীকরণ, পশ্চিম বর্ধমান জেলার



দোমোহানী-গিরমিট মোড় রাস্তার কুশাডাঙ্গা ক্যানালের উপর পুরনো জীর্ণ সংকীর্ণ সেতুর পরিবর্তে নতুন সেতু নির্মাণ,পশ্চিম বর্ধমান জেলার বাঙ্গালী পাড়া-সাঁওতাল পাড়া রাস্তার ক্যানালের উপর পুরনো জীর্ণ সংকীর্ণ সেতুর পরিবর্তে নতুন সেতু নির্মাণ বিশেষ উল্লেখযোগ্য। এর ফলে, স্থানীয় এলাকা তথা এই দুই জেলার যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।এদিনের এই প্রশাসনিক সভা থেকে পূর্ব ও পশ্চিম বর্ধমানের প্রায় ৫ লক্ষ ৬০ হাজার মানুষের কাছে সরকারি পরিষেবা সরাসরি পৌঁছে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এদিনের সভা থেকে পূর্ব বর্ধমানে ৩৬৫ কোটি ৪৫ লক্ষ টাকা ব্যয়ে মোট ৪৯১টি প্রকল্পের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।এছাড়াও এদিন পূর্ব বর্ধমানে ৮৩৭ কোটি ৮১ লক্ষ টাকার মোট ৫৪৭টি প্রকল্পের শিলান্যাস করেন

(এরপর দুয়ের পাতায়)

## দীর্ঘ দিন ধরে বিকল নলকূপ ! হেলদোল নেই পঞ্চায়েতের !

নিজস্ব প্রতিনিধি ঃ পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের পাড়াতল ২ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মথুরাপুর মাঝের পাড়ায় পীরতলার



সামনে রাস্তার পাশে এভাবেই প্রায় ন'দশ মাস ধরে বিকল হয়ে পড়ে আছে নলকূপটি।পঞ্চায়েতে বিষয়টি বার বার জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত সারানো হয়নি নলকূপটি, অভিযোগ।সমস্যায় এলাকাবাসী থেকে পথ চলতি মানুষজন। ক্ষোভ বাড়ছে এলাকাবাসীর মধ্যে।অতি দ্রুত নলকূপটি সারানোর উদ্যোগ গ্রহণ করুক পঞ্চায়েত,চাইছেন এলাকার মানুষজন।

## বাড়িতে জল নেই, রাস্তায় জল ! হেলদোল নেই প্রশাসনের !

নিজস্ব প্রতিনিধি ঃ আজব ব্যাপার ! বাড়িতে জল নেই, রাস্তায় জল ! জল



জীবন মিশন প্রকল্পে বাড়ি বাড়ি জল পৌঁছে দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। কিন্তু কাজের তদারকি ঠিক মতো হচ্ছে না বলে অভিযোগ। বছর খানেক আগে কানেকশন দিলেও ধনেখালি ব্লকের খানপুর, মহরমপুর সহ অনেক জায়গাতেই অনেকের বাড়িতে জল পৌঁছাচ্ছে না, অভিযোগ।আবার মহররমপুরে পিএচই'র পাইপ ফেটে নষ্ট

(এরপর দুয়ের পাতায়)

## সম্প্রীতির অনন্য নজির ধনেখালিতে

নিজস্ব সংবাদদাতা ঃ ধর্ম যার যার উৎসব সবার - এই আঙ্গিকে ধনেখালি ব্লক তৃণমূল কংগ্রেসের



উদ্যোগে অসীমা পাত্রের নেতৃত্বে ২২ জানুয়ারি সোমবার বিকেলে ধনেখালি হারপুর মোড় থেকে মদনমোহন তলা পর্যন্ত অনুষ্ঠিত হল সংহতি যাত্রা। হিন্দু, মুসলিম, খ্রীষ্টান মিলে মিশে সব একাকার এই সংহতি যাত্রায়।

## সাউন্ড বক্স বাজানোকে কেন্দ্র করে চরম উত্তেজনা ধনেখালিতে,গ্রেফতার ৩

নিজস্ব সংবাদদাতা ঃ ধনেখালিতে ধুন্ধুমার ! সাউন্ড বক্স বাজানোকে



কেন্দ্র করে রবিবার রাতে চরম উত্তেজনা ধনেখালির কনুইবাঁকা এলাকায়। পুলিশের গাড়িতে চড়াও হওয়ার অভিযোগ ! জানা গেছে, রবিবার একটি ফুটবল টুর্নামেন্ট ছিল কনুইবাঁকা এলাকায়। খেলা শেষ হয়ে যাবার পরও বাজছিল বক্স। সামনেই মাধ্যমিক

(এরপর দুয়ের পাতায়)

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খবর সোজাসুজি

Volume-1 ● Issue-16 ● 30 January 2024

## ভোটের রাজনীতি

ভোট বড় বালাই! সামনেই লোকসভা নির্বাচন। জনতা জনার্দনের মন পেতে কল্পতরু রাজনৈতিক দলগুলো। সবাই বলছে ভোটে জিতলে জনগণের ভালো করবে। কিন্তু কথায় আর কাজে বড় ফারাক।গালভরা প্রতিশ্রুতিই সার!বছরে দু'কোটি বেকারের চাকরিও হয় নি,গরিবের অ্যাকাউন্টে পনেরো লক্ষ টাকাও ঢোকে নি। চারশো টাকার গ্যাস আজ হাজার টাকা!ডবল ডবল চাকরি তো দূরের কথা,সামান্য একটা কেরানির চাকরির জন্যও এমএ,বিএ পাশ বেকার ছেলেমেয়েদের লাইন পড়ে যায়।ভোটের আগে যে প্রতিশ্রুতি দেওয়া হয় বাস্তবে তার ছিটেফোঁটাও জনগণের কাছে এসে পৌঁছায় না। প্রতিশ্রুতির ফানুস চুপসে গেছে।ভোটে জেতার পর অধিকাংশ নেতা মন্ত্রীর নাগাল পাচ্ছেন না আম আদমি। সাধারণ জনগণের আর্থিক অবস্থার উন্নতি না হলেও অধিকাংশ নেতা মন্ত্রীর সম্পত্তির পরিমাণ লাফিয়ে লাফিয়ে বাড়ছে।সবকা সাথ,সবকা বিকাশের কথা বললেও বাস্তবে সবকা বিকাশ কতটা হয়েছে তা মানুষ হাড়ে হাড়ে টের পাচ্ছে। তবুও এই মিথ্যা প্রতিশ্রুতিতেই মজে থাকে বোকা জনগণ। ভোট আসে ভোট যায়। কিন্তু সাধারণ খেটে খাওয়া মানুষের অবস্থার কোনো পরিবর্তন হয় না। সবই ভোটের রাজনীতি।

(প্রথম পাতার পর)

## সাউন্ড বক্স বাজানোকে কেন্দ্র করে

পরীক্ষা। কিন্তু পরীক্ষার্থীদের কথা না ভেবে অত্যধিক জোরে দেদার বাজছে বক্স।কান ঝালাপালা সাধারণ মানুষের। রাত যত বাড়ছে সাউন্ড তত বাড়ছে। অতিষ্ঠ হয়ে এলাকাবাসী ফোন করেন থানায়। খবর পেয়ে এলাকায় পৌঁছায় পুলিশের মোবাইল ভ্যান। কিন্তু কে শোনে কার কথা। পুলিশের কথায় কান না দিয়ে উল্টে পুলিশকেই আক্রমণ করতে উদ্যত হয় উন্মত্ত জনতা, অভিযোগ। এই খবর পাওয়া মাত্রই বিশাল পুলিশ বাহিনী নিয়ে রাত বারোটা চল্লিশ মিনিট নাগাদ কনুইবাঁকায় পৌঁছান ধনেখালি থানার ওসি অভিষেক চৌধুরী এবং উন্মত্ত জনতাকে ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।বাজেয়াপ্ত করা হয়েছে ছ'টি জেবিএল বক্স এবং সাউন্ড সিস্টেমের মেশিন পত্র। ঘটনায় জড়িত থাকার অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে ধনেখালি থানার পুলিশ। ধৃতদের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ।ধৃতদের সোমবার চুঁচুড়া আদালতে পেশ করা হলে বিচারক তাদের ২ ফেব্রুয়ারি পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন। আগামী ৩ ফেব্রুয়ারি ধৃতদের আবার আদালতে পেশ করা হবে। বাকিদের খোঁজেও তল্লাশি চালাচ্ছে পুলিশ।ধনেখালি থানার পুলিশের এই সাহসী পদক্ষেপকে কুর্নিশ জানাচ্ছেন সাধারণ মানুষজন। শব্দের অত্যাচারের হাত থেকে বাঁচাতে সব জায়গায় এই রকম দৃঢ় পদক্ষেপ গ্রহণ করুক পুলিশ প্রশাসন, চাইছেন সাধারণ মানুষজন।

(প্রথম পাতার পর)

## বাড়িতে জল নেই, রাস্তায় জল !

হচ্ছে ভূগর্ভস্থ পানীয় জল ! সারাবার কোনো উদ্যোগ নেই প্রশাসনের ! ধনেখালি ব্লকের গুড়বাড়ি ১ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মহররমপুর ব্রাহ্মণ পাড়ায় পাইপ ফেটে মাস খানেক ধরে নষ্ট হচ্ছে ভূগর্ভস্থ পানীয় জল।রাস্তা দিয়ে সেই জল গিয়ে পড়ছে পাশের পুকুরে। এলাকাবাসীর অভিযোগ, পঞ্চায়েতে জানানো সত্ত্বেও ফাটা পাইপটি সারাবার কোনো উদ্যোগ চোখে পড়ছে না। এদিকে বাড়িতে জল না পৌঁছলেও রাস্তা ভেসে যাচ্ছে জলে।পিএইচই'র পাইপ ফেটে রাস্তা দিয়ে উপচে পড়ছে জল।প্রায় মাস খানেক ধরে এভাবেই নষ্ট হচ্ছে ভূগর্ভস্থ জল। কোনো হেলদোল নেই প্রশাসনের।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ,বার বার পঞ্চায়েতে জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত পাইপটি সারাবার কোনো উদ্যোগ গ্রহণ করেননি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। জলের কানেকশন থাকলেও গ্রামের অনেকের বাড়িতে আবার জলও পৌঁছায় না, অভিযোগ। ক্ষোভ বাড়ছে এলাকাবাসীর মধ্যে।অতি সত্বর পাইপটি সারিয়ে প্রতি বাড়িতে যাতে জল পৌঁছায় সেই ব্যবস্থা করুক প্রশাসন, চাইছেন এলাকাবাসী।

## ভূতেরা এখন

### কাশীনাথ মোদক

ভূতের কথা শুনলে পরে
মনে কাঁপন ধরে
নিশুত রাতে যায় কী থাকা
একলা নিঝুম ঘরে।

অমাবস্যায় ভয় হয়
শ্মশান মশান স্থানে
ভূতের ভয় কাটেনা এখন
জয় শ্রীরাম গানে।

ডিজিটাল যুগে কেন
এত ভূতের ভয়
ধান্দাবাজেরা কী তাই
এখন ভূত হয় !

## পৌষ এলো

### গোপালী গঙ্গোপাধ্যায়

পৌষ এলো সোনার ধানে
শীতের হাওয়া সাথে,
শীতের বুড়ি ভীষণ রাগী
এলো গভীর রাতে।
চিকন পাতায় ভোরের আলো
নাচে শিশির কণা,
আনন্দে ওই চড়াই দুটি
ভেজায় তাদের ডানা।
চাষীর বাড়ি আনন্দময়
ভরছে গোলা ধানে,
ছোট্ট শিশু হাততালি দেয়
নাচে আপন মনে।
জলভরা ঘট আনে বধূ
আলপনা দেয় ঘরে,
সবার পৌষ সুখের পৌষ
নাওগো বরণ করে ।।

# বাড়িয়ে দাও তোমার হাত

পার্থ পাল

একটি ফাঁকা মন্দির চত্বরে বসেছিল একদল স্কুলপড়ুয়া ছেলে। সেখান থেকে তুমুল হুল্লোড়ের আওয়াজও আসছিল। যা স্বাভাবিক। অল্প বয়সি ছেলেরা আড্ডা দিলে এমনটাই তো হয়। কিন্তু কাছে গিয়ে দেখা গেল তারা আড্ডা তো দূরের কথা ; পরস্পরের সঙ্গে কথাও বলছে না। প্রত্যেকের চোখ মোবাইলে আবদ্ধ। তারা অনবরত চিৎকার করে কী সব নির্দেশ দিচ্ছে। স্ক্রিনে টুপি লাগানো বুড়ো আঙুলগুলো চলছে অসম্ভব ক্ষিপ্রতায়। বোঝা গেল ওরা ' গেম 'খেলছে!

তা বলে কি মাঠগুলো ফাঁকা আছে? না। সেখানেও শৃঙ্খলাবদ্ধভাবে চলেছে খেলা। কোচের নির্দেশ মেনে কেউ খেলছে ফুটবল ; কেউ ক্রিকেট। নির্দিষ্ট লক্ষ্য নিয়ে চলেছে অনুশীলন। সেখান থেকে উঠে আসছে বড় ক্লাব, রাজ্য এমনকি জাতীয় স্তরের খেলোয়াড়রাও। 'খেলো ইন্ডিয়া' শুটিংএ সুযোগ পাচ্ছে শ্রীরামপুরের মেয়েরা। যোগাসনে যোগ্যতা অর্জন করছে তারকেশ্বর ও হলদিয়ার ছেলেমেয়েরা।

এই দুই ভিন্ন চিত্রই বর্তমান কিশোর কিশোরীদের হালচাল বোঝার পক্ষে যথেষ্ট। যাদের সঠিক পথে পরিচালনা করার কেউ নেই তারা ক্রমে 'গেম'-এর নেশায় ডুবে যাচ্ছে। মুখের ভাষা সংযত করতে তারা অপারগ। শ্রদ্ধা, বিনয়, কঠোর পরিশ্রম ইত্যাদি গুণ থেকে তারা দূরত্ব বজায় রাখে। এদের সুপথে আনতে পারেন এদের পরিজনেরাই। সন্ধ্যাবেলায় মেয়ের বাড়ি ফিরতে দেরি হলে বাবা-মায়েরা যেমন উদ্বিগ্ন হন, ছেলের বেলায় তা করেন কি? যদি না



করেন,তবে ছেলের 'মানুষ' হওয়া মুশকিল।অভিভাবককের অবজ্ঞা বা অবহেলা একজন সম্ভাবনাময় কিশোর কিশোরীকে 'অমানুষ' করার পক্ষে যথেষ্ট। যে মেয়ে আঠারো বছরের হওয়া মাত্র 'কন্যাশ্রী'-র টাকাকে বুড়ো আঙ্গুল দেখিয়ে ফেসবুক-বন্ধুর সঙ্গে 'পালিয়ে' যায়, সেখানে সব দোষ কি সেই মেয়েটির? একটি বা দুটি সন্তানের জনগ্ধ অতিরিক্ত স্নেহ, কাজের চাপ, যুগের ধর্ম প্রভৃতি অজুহাতে নিজেকে আড়াল করলে সন্তানকে নিয়ে গর্ব করার সুযোগ মিলবে না যে!

অন্যদিকে একজন 'খেলো ইন্ডিয়া'-য় সুযোগ পাওয়া মেয়ের বাবার গল্প শোনা যাক। মেয়েটি এখন দ্বাদশ শ্রেণীতে পড়ে। যোগ ব্যায়ামে পারদর্শী। ওর বাবা দোকানে দোকানে ডিমের যোগান দিয়ে সংসার চালান। সেদিন স্কুলে গার্জেন মিটিং। অভিযোগ উঠল, ওই মেয়েটি নাকি স্কুল কামাই করে খুব। তলব করা হলো মেয়েটির বাবাকে। ভদ্রলোক বিনয়ী ভাবে বললেন,তাঁর পরামর্শ মেনেই নাকি তাঁর মেয়ে স্কুলে আসে না! তাঁর যুক্তি অনুযায়ী, যে যাতে পারদর্শী তার তাতেই বেশি গুরুত্ব দেয়া উচিত। তার কথা মত মেয়েটি স্কুল টাইমে কোচের কাছে যোগব্যায়াম অনুশীলন করে। মিটিংয়ে অভিভাবকটির কথায় প্রথাগত বিশ্বাসে আঘাত লেগেছিল সবারই। আজ তার সাফল্য সেই বিপ্রতীপ পদক্ষেপকেই সমর্থন করল।

স্থানীয় এক হার্ডওয়ার্সের দোকানদারের মেয়ে দু'বছর আগে উচ্চমাধ্যমিকে দ্বাদশ স্থান অর্জন করেছিল। সে এখন 'নিট' পরীক্ষার জন্য জোরদার চেষ্টা চালাচ্ছে। তার বাবা কথা প্রসঙ্গে জানালেন, তার মেয়ে মেধাবী। কিন্তু কেবল মেধা দিয়ে এ সাফল্য আসেনি। তার জন্য নিজের ব্যবসার ক্ষতি, ও আত্মসুখ ত্যাগ করে তিনি ও তার স্ত্রী বিগত দশ বছর ধরে লেগেছিলেন মেয়ের ভালো-মন্দের সঙ্গে। সে 'পাশে থাকা' সমানে জারি রয়েছে এখনও।

অর্থাৎ ছেলেমেয়ের সাফল্যের ভাগীদার হতে গেলে শর্ত একটাই - পাশে থাকা। ওরা এটুকুই চায়। বাবা-মা যদি তাদের অবসর সময়টুকু আড্ডা বা সিরিয়াল ছেড়ে অপতগ্ধকে দেন, তবে ওদের বিপদগামীতাকে অনেকাংশে রুখে দেওয়া যাবে। কাজটা কঠিন নিঃসন্দেহে। কিন্তু অসম্ভব নয়।

(প্রথম পাতার পর)

## ভোটের আগে দরাজহস্ত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় !

মুখ্যমন্ত্রী।বর্ধমান-আরামবাগ রাস্তা সংস্কারের কাজ তাড়াতাড়ি শুরু হতে চলেছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।দাঁইহাটে দমকল কেন্দ্র তৈরি হবে বলে এদিনের সভা থেকে ঘোষণা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী সবুজ সাথী, কন্যাশ্রী,স্বাস্থ্যসাথী, চোখের আলোয় সহ একাধিক প্রকল্পের পরিষেবা তুলে দেন উপভোক্তাদের হাতে।এদিন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মঞ্চ থেকে বলেন, ''শিক্ষকের পদ আমাদের প্রস্তুত আছে। আমরা শিক্ষক নেব।'' তবে এদিন তিনি আদালতের উদ্দেশ্যে আবেদন রাখেন শূন্যপদ পূরণের ব্যবস্থা করে দেওয়ার জন্য। তিনি বলেন, ''সিপিএম, বিজেপি,কংগ্রেস এরা আটকে রেখে দিয়েছে।শূন্য পদ পূরণ হলে হাজার হাজার ছেলে মেয়ে চাকরি পাবে।'' প্রসঙ্গত,নিয়োগ দুর্নীতি কাণ্ডে একের পর এক কর্মরত শিক্ষকের চাকরি বাতিল হয়েছে।শুধু তাই নয়, নিয়োগ দুর্নীতি কাণ্ডে প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় থেকে শুরু করে একাধিক কর্তা কেন্দ্রীয় সংস্থার হেফাজতে রয়েছেন। রাজ্যের বিরোধী দল সহ একাধিক রাজনৈতিক দল সরব হয়েছে নিয়োগ দুর্নীতি কাণ্ডে।নিয়োগ দুর্নীতি কান্ডের পর থেকে রাজ্য নতুন করে নিয়োগের পথে না এগোলেও প্রাথমিকের টেট নিয়েছে।তবে সেই টেট নেওয়া হলেও প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রক্রিয়াও থমকে রয়েছে। তাই বুধবার বর্ধমানের প্রশাসনিক সভা থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্য নয়া নিয়োগ প্রক্রিয়া শুরু করা নিয়ে ফের জল্পনা বাড়ালো বলেই মনে করা হচ্ছে। এদিনের সভা থেকে কেন্দ্রীয় সরকারকে ঠুঁটো জগন্নাথ বলে তীব্র কটাক্ষ করেন মমতা বন্দোপাধ্যায়।

কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্যে মমতা বলেন, ''বলে বেড়াচ্ছে ঘর ঘর জল দিচ্ছে।আর কাজ করছে রাজ্য সরকার। মাছের তেলে মাছ ভাজাই হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাজ। জিএসটির নামে সব পয়সা বাংলা থেকে নিয়ে চলে যাচ্ছে। এরপর থেকে দেখবেন নকুল দানা কিনতে গেলে সেটাতেও জিএসটি লাগবে। ঝুটা বাতানেসে কুছ নহি হোগা। বিনা পয়সার চাল হাজার টাকার গ্যাসে ফুটছে।''
বিরোধীদের নিশানা করে এদিন মমতা বলেন, ''অনেক কাজ করলাম।বাকি কি আছে? বাকি একটাই আছে, আমাকে গালি দেওয়া। কিছু রাজনৈতিক দল আছে, কাজকর্ম নেই। নেই কাজ তো খই ভাজ।'' বিরোধীদের নিশানা করে তীব্র কটাক্ষ করে তিনি বলেন, ''রোজ টেলিভিশন খুললেই দেখি ভালো করে পাউডার মেখে...মেয়েরা লিপস্টিক লাগায় আমি শুনেছি, ছেলেরাও লিপস্টিক লাগায় এটা তো আগে জানতাম না। ভাড়া করে সেজেগুজে এসে বসছে। রোজ বলে এই রাস্তা খারাপ - ওটা খারাপ। চোখে দেখো না, কানা? যখন জিনিসের দাম বাড়ে কোথায় থাকো? যখন রেল দুর্ঘটনায় লোক মারা যায় কোথায় থাকো? ছাত্র হত্যা হয়, কোথায় থাকো ? ''

দিনের সভা থেকে তফসিলি আদিবাসী সম্প্রদায় ভুক্ত মানুষজনদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন,''তপশিলি আদিবাসী বন্ধুরা ২০ লক্ষ টাকা লোন পেতে পারে পড়াশোনার জন্য। ওবিসির সব টাকা কেন্দ্র বন্ধ করে দিলেও আমরা বিভিন্ন প্রকল্পের আওতায় তাদের এনেছি।'' এদিনের সভা থেকে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন,পয়লা ফেব্রুয়ারি থেকেই নতুন করে আরও ৯ লক্ষ মানুষ বার্ধক্য ভাতা পাবেন, নতুন করে আরও ১৩ লক্ষ মহিলা লক্ষ্মীর ভাণ্ডার পাবেন,নতুন করে আরও প্রায় ১ লক্ষ ৪ হাজার মহিলা বিধবা ভাতা পাবেন,নতুন করে আরও প্রায় ৭ হাজার মানুষ মানবিক ভাতা পাবেন,কন্যাশ্রী প্রকল্পে নতুন করে আরও ১০.৫ লক্ষ কন্যাশ্রী পাবেন,রূপশ্রী প্রকল্পে নতুন করে আরও ৮৪.৬৭ হাজার মহিলা টাকা পাবেন।এদিনের সভায় মঞ্চের সামনে কন্যাশ্রী প্রকল্পের মেয়েদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।মুখ্যমন্ত্রীর প্রশাসনিক সভা উপলক্ষ্যে এদিন বর্ধমান শহরের বিভিন্ন জায়গায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়। এদিন মুখ্যমন্ত্রী হেলিকপ্টারে চড়ে গোদার মাঠে প্রশাসনিক সভা করতে আসেন।সভা শেষে আবহাওয়া খারাপ হওয়ায় তিনি সড়কপথে কলকাতায় ফেরেন। বর্ধমানে প্রশাসনিক সভা সেরে ফেরার পথে গাড়ি আচমকা ব্রেক কষায় কপালে সামান্য আঘাত পান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সভা শেষে গাড়িতে জিটি রোডে ওঠার মুখে হঠাৎ সামনে একটি গাড়ি চলে আসায় আচমকাই ব্রেক কষেন চালক।সেই ঝাঁকুনিতেই কপালে আঘাত পান মুখ্যমন্ত্রী।

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)



পদ্মশ্রী পেলেন গাছদাদু পুরুলিয়ার দুখু মাঝি।



পদ্মশ্রী পেলেন বাংলাদেশের বরেণ্য রবীন্দ্রসংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা।



পদ্মশ্রী পেলেন 'বড় লোকের বিটি লো' গানের স্রষ্টা ভাদুশিল্পী বীরভূমের রতন কাহার।



খন্ডঘোষ থানার পক্ষ থেকে ইটভাটার শ্রমিকদের শিশুদের মধ্যে এবং সাসাঙ্গা গ্রাম পঞ্চায়েতের কাঁটাপুকুর আদিবাসী পাড়ার শিশু ও শারীরিক প্রতিবন্ধীদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হল।



মাইকে প্রধানমন্ত্রীর ভাষণ চলাকালীন সাউন্ড বন্ধ করল পুলিশ ! চরম উত্তেজনা চুঁচুড়ার ব্যান্ডেল স্টেশন সংলগ্ন এলাকায়।



ধনেখালি বাসস্ট্যান্ডে হুগলি জেলা সৃষ্টিশ্রী মেলার শুভ উদ্বোধন করলেন পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী।

## নাম পরিবর্তন

I, Jiban Chandra Ghosh, S/O - Lakshman Chandra Ghosh, residing at Vill- Baidyapur–P.O- Chopa – P.S - Gurap –Dist- Hooghly–Pin- 712308 declared that Jiban Chandra Ghosh,Jiban Ch. Ghosh,Jiban Ghosh and Jiban Krishna Ghosh are same and one identical person vide affidavit No.72 dated 03/01/2024 Executive Magistrate 1 st court at Sadar, Hooghly.



খন্ডঘোষের হুরিয়া এলাকায় সমস্যা সমাধান জনসংযোগ শিবিরে পূর্ব বর্ধমানের জেলা শাসক পূর্ণেন্দু মাজি ও মহকুমা শাসক সদর দক্ষিণ কৃষ্ণেন্দু মন্ডল।



গুড়াপ পঞ্চায়েত এলাকায় সমস্যা সমাধান জনসংযোগ শিবির পরিদর্শনে ধনেখালির বিডিও সারোয়ার আলি ও জয়েন্ট বিডিও সীমা মুন্ডা।

## গুড়াপে ভয়াবহ পথ দুর্ঘটনায় নিহত ১, আহত ১

নিজস্ব সংবাদদাতা ঃ গুড়াপে রেল গেটের কাছে ২২ জানুয়ারি সোমবার দুপুরে ভয়াবহ পথ দুর্ঘটনায় মারা গেলেন বছর সাতাশের এক যুবক,নাম অর্পন দাস,বাড়ি গুড়াপের বেনাথলি ।গুরুতর আহত আরও এক যুবক ।একটি লরির পিছনে বাইকে করে আসছিল দু'জন ।স্থানীয় সূত্রে জানা গেছে,রেল গেট পার হওয়ার পর বাইক থেকে পড়ে গিয়ে লরির পিছনের চাকায় পিষে যায় দুই বাইক আরোহী। গুরুতর আহত অবস্থায় গুড়াপ থানার পুলিশের তৎপরতায় দুজনকেই ধনেখালি হাসপাতালে নিয়ে আসার পর চিকিৎসক দেখে একজনকে মৃত বলে ঘোষণা করেন এবং গুরুতর আহত অবস্থায় অপর একজনকে চুঁচুড়া হাসপাতালে স্থানান্তরিত করা হয় বলে জানা গেছে। মৃত এবং আহত দুজনের বাড়িই গুড়াপের বেনাথলি এলাকায়। ঘাতক লরিটিকে এবং লরির ড্রাইভারকে আটক করেছে গুড়াপ থানার পুলিশ।




## অপহরণের ২৪ ঘন্টার মধ্যে ভিনরাজ্য থেকে উদ্ধার অপহৃত ব্যবসায়ী

নিজস্ব সংবাদদাতা ঃ রবিবার সন্ধ্যায় মেমারী এলাকা থেকে এক ব্যবসায়ীকে অপহরণের ঘটনা ঘটে। ঘটনার খবর পাওয়া মাত্র তদন্ত শুরু করে পূর্ব বর্ধমান জেলা পুলিশ। প্রাথমিক তদন্তে মেমারী থানার পুলিশ জানতে পারে অপহৃত ব্যক্তি বিড়ি পাতার ব্যবসার সঙ্গে যুক্ত এবং সেই সূত্রে মুর্শিদাবাদের কয়েকজনের সাথে লেনদেনের পর কিছু টাকা ধার হয়ে যায়। সেই টাকা আদায় করতে ১৪ জানুয়ারি, রবিবার সন্ধ্যায় কিছু দুষ্কৃতী একটি স্করপিও গাড়ি করে তাকে অপহরণ করে। বিভিন্ন সূত্র থেকে পাওয়া তথ্যের ওপর নির্ভর করে মেমারী থানা ও জেলা পুলিশের একটি দল দ্রুত পৌঁছায় ঝাড়খন্ডে



এবং বিশেষ অভিযান চালিয়ে সোমবার সকালের মধ্যে ঝাড়খণ্ডের পাকুড় থেকে অপহৃত ব্যাক্তিকে উদ্ধার করে এবং উক্ত অপরাধে জড়িত তিন জনকে গ্রেপ্তার করে । অপরাধে জড়িত গাড়িটিকেও বাজেয়াপ্ত করা হয়। অভিযানের নেতৃত্বে ছিলেন সাতগাছিয়া পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত আধিকারিক শ্রী অনুপ দে।

Vol-1, Issue-16
KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# জাতীয় স্কুল ভলিবলে সেরা তারকেশ্বরের মেয়ে তানিশা রায়

বিদ্যুৎ ভৌমিক ঃ আজকের মেয়েরা কোন অংশে কম নয়।তারা সর্বক্ষেত্রেই পুরুষদের সঙ্গে সমানতালে লড়াই করে তাদের প্রত্যাশিত লক্ষ্যে পৌঁছে যেতে বদ্ধপরিকর।রাজনীতি থেকে শুরু করে টেলিভিশনের পর্দায় ভলিবলের কোর্টে ক্রিকেটে সাঁতারে টেবিল টেনিসে ব্যাডমিন্টনে কবাডি সাইক্লিং ও পর্বতারোহণে মেয়েরা এখন দশভুজার ভূমিকায় অবতীর্ণ ।এমনই এক জবরদস্ত লড়াইয়ে অভাবনীয় পারফরম্যান্স তুলে আনা এক বঙ্গতনয়ার কথা আমার আলোচনায় উঠে এসেছে যার জেদ আর ইচ্ছাশক্তিই তাকে সেরার তকমা পেতে সাহায্য করে ।

হুগলি জেলার তারকেশ্বর ব্লকের অধীন কেশবচক গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত তুল্যান গ্রামের মধ্যবিত্ত পরিবার থেকে উঠে এসে একমুঠো তরতাজা আশায় ভর করে আর পাঁচটা মেয়ের মতো তানিশা রায় আজ বাংলা মহিলা ভলিবল দলের বহুচর্চিত নাম ।প্রতিভাময়ী ভলিবলার।গত ২৬ ডিসেম্বর থেকে তামিলনাড়ুর তিরুচিরাপল্লিতে অনুষ্ঠিত ৬৭ তম জাতীয় স্কুল গেমসে অনূর্ধ্ব ১৭ মেয়েদের বিভাগে তারই ক্রীড়াচাতুর্যের বলে বাংলার মেয়েরা চ্যাম্পিয়নের শিরোপা লাভ করে অনন্য নজির



স্থাপন করেছে ।এই টুর্নামেন্টে তারকেশ্বরের নারায়ণপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী স্মৃতি মাইতিও সেটিং দক্ষতাকে কাজে লাগিয়ে ক্রীড়ামোদীদের তাক লাগিয়ে দিয়েছে ।চূড়ান্ত পর্যায়ে বঙ্গকন্যাদের লড়াই অবশ্য খুব সহজ হয়নি ।হাড্ডাহাড্ডি লড়াইয়ে অবতীর্ণ হয়ে আয়োজক রাজ্য তামিলনাড়ুকে পর্যুদস্ত করে শেষ হাসি বাংলাই হাসে।এই প্রতিযোগিতায় 'সেরা স্ম্যাশার ' রূপে তানিশা রায়ের নাম ঘোষিত হয় ।খুবই আনন্দের খবর।আরও জানা যায় যে, গত বৎসরে অনূর্ধ্ব ১৭ মহিলা বিভাগে ওপেন ন্যাশনাল গেমসে তারকেশ্বরের উজ্জ্বল মুখ তানিশা চ্যাম্পিয়নের শিরোপা লাভ করে ।তারই সুবাদে ভারতীয় মহিলা ভলিবলে অনূর্ধ্ব ১৬ বিভাগে তানিশা নির্বাচিত হয়।চিনে আয়োজিত ঐ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ভারতীয় মহিলা ভলিবল দলকে মুম্বই বিমানবন্দর থেকে ফিরে আসতে হয় ভিসা সংক্রান্ত ত্রুটির কারণে ।

তানিশা ছোট বয়স থেকে তারকেশ্বর বটতলা ভলিবল ক্লাবে অভিজ্ঞ প্রশিক্ষক সুরেশ মন্ডলের কাছে প্রশিক্ষণ নিতে শুরু করে ।সে এ বৎসর তারকেশ্বর বিকাশ ভারতী ব্লুমস ডে স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় বসবে ।বাবা সোমনাথ রায় একজন ক্ষুদ্র ব্যবসায়ী ।তানিশার বাবা ও মা চান যে,তাদের মেয়ে দেশের হয়ে প্রতিনিধিত্ব করুক ।রাজ্য তথা দেশের নাম উজ্জ্বল করুক। তানিশারও স্বপ্ন সে দেশের হয়ে খেলবে।সে কারণে সিনিয়র দলে খেলার সুযোগ লাভের জন্য এখন থেকে প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। কোচ সুরেশ মন্ডল জানান, ভারত তথা বাংলা মহিলা ভলিবল দলের গৌরব তানিশাকে এখনও অনেক পথ অতিক্রম করে এগোতে হবে ।তবে ওর অনমনীয় জেদ আর পরিশ্রমই ওকে ভারতের সিনিয়র মহিলা ভলিবল দলে স্থান পেতে সাহায্য করবে।

# বিশেষ ভাবে সক্ষমদের জাল শংসাপত্র ! পাড়ায় সমাধান প্রকল্পে প্রতারণা চক্রের পর্দা ফাঁস করলেন বিডিও !

নিজস্ব সংবাদদাতা ঃ বিশেষ ভাবে সক্ষমদের শংসাপত্র নিয়ে জালচক্রের পর্দা ফাঁস ! পাড়ায় সমাধান প্রকল্পে পর্দা ফাঁস হল বিডিওর কাছে। পুলিশের জালে তিন প্রতারক। তাদের মধ্যে রয়েছেন পুলিশেরই এক হোমগার্ড এবং তার জামাইবাবু, যিনি তৃণমূল কর্মী হিসেবে পরিচিত। দীর্ঘ এক বছর ধরে এই প্রতারণা চক্র চালাচ্ছিলেন প্রতারকরা। হাজার হাজার টাকার বিনিময়ে বহু মানুষকে দিয়েছেন জাল শংসাপত্র। সমগ্র ঘটনা সামনে আসতেই শোরগোল এলাকায়। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের রশিদাবাদ গ্রাম পঞ্চায়েতের উত্তর শালদহ গ্রামে পাড়ায় সমাধান প্রকল্পে এই প্রতারণা চক্রের পর্দাফাঁস করেন হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক সৌমেন মন্ডল। এলাকা সূত্রে জানা গেছে ২২ জানুয়ারি সোমবার ওই প্রকল্পে উপভোক্তারা তাদের সমস্যা নিয়ে এসেছিল। সেই সময় বিশেষ ভাবে সক্ষম কিছু উপভোক্তা ভাতার আবেদনের জন্য শংসাপত্র জমা দেন। সেই শংসাপত্র দেখেই সন্দেহ হয় বিডিওর ।তারপর খতিয়ে দেখেই জানা যায় সেই শংসাপত্র গুলি জাল। তারপরেই সামনে আসে ওই চক্রের



কুকীর্তি। জানা যায় এই চক্রের সঙ্গে যুক্ত রয়েছেন তুলসিহাটা গ্রাম পঞ্চায়েতের পারো গ্রামের নুর আলম যিনি মালদা পুলিশ লাইনে হোমগার্ড পদে কর্মরত। তার সঙ্গে রয়েছেন তৃণমূল কর্মী তার জামাইবাবু নাজিমুল হক এবং মামুন আলী নামে এক যুবক ।তৃণমূল কর্মী নাজমুল হককে এলাকার মানুষ এলাকায় আটক করে। তারপরেই তাকে গ্রেপ্তার করে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। এরপর নুর আলম এবং মামুন আলীকেও গ্রেপ্তার করা হয় ।এলাকা সূত্রে জানা গেছে রশিদাবাদ গ্রাম পঞ্চায়েত, তুলসীহাটা গ্রাম পঞ্চায়েত,বরুই গ্রাম পঞ্চায়েত সহ আশেপাশের বিভিন্ন এলাকায় দীর্ঘ এক বছর ধরে এই জাল চক্র চলছিল। হাজার হাজার মানুষ প্রতারিত হয়েছেন এদের কাছে ।এমনকি বিশেষ ভাবে সক্ষম নয় কিন্তু ভাতা পাওয়ার লোভ দেখিয়ে মোটা টাকার বিনিময়ে অনেক কে জাল শংসাপত্র দিয়েছেন ।কারোর কাছে নিয়েছেন ৩ হাজার আবার কারোর কাছে ৮ থেকে ১০ হাজার। মঙ্গলবার ধৃত ৩ অভিযুক্তকে চাঁচল মহকুমা আদালতে পেশ করা হয়। এদিকে সমগ্র ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক তরজা। বিজেপির অভিযোগ তৃণমূল যে রাজ্য-জুড়ে প্রতারণা চক্র চালাচ্ছে তা এখানে প্রমাণিত ।যদিও তৃণমূলের পাল্টা দাবি প্রশাসন এখানে যথেষ্ট সক্রিয় তাই এই চক্রের পর্দা ফাঁস হয়েছে।

## এক নজরে

(প্রথম পাতার পর)

কেন্দ্রীয় বাহিনীর জওয়ান !

● উচ্চ মাধ্যমিকের সঙ্গে একই দিনে নিতে হবে একাদশ শ্রেণীর পরীক্ষা, নির্দেশিকা জারি করে জানিয়ে দিল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

● বাংলায় কংগ্রেসের সঙ্গে জোট হচ্ছে না,স্পষ্ট ভাবে জানিয়ে দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়।

● জামালপুর সেলিমাবাদ ফুটবল মাঠে অনুষ্ঠিত হল ৩৮তম জামালপুর চক্র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

● অমরপুর নীলবীণা ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে যথাযথ মর্যাদায় পালিত হল নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন।

● গুড়াপ থানার পৈলান এলাকা থেকে শনিবার রাতে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া চারজনকে অস্ত্র সহ গ্রেপ্তার করল গুড়াপ থানার পুলিশ।

● জামলপুর ব্লকের আবুজহাটী ১ গ্রাম পঞ্চায়েতর ঝাপানডাঙ্গা বাজারে নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য সাবমার্সিবল পাম্পের শুভ উদ্বোধন করলেন আবুঝহাটী ১ গ্রাম পঞ্চায়েতের প্রধান রমজান শা।

● বঙ্গীয় প্রাদেশিক জাতীয় ক্রীড়া ও শক্তি সংঘের পরিচালনায় গুড়াপ স্কুল মাঠে মহাসমারোহে যথাযথজ মর্যাদায় পালিত হল নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন। উপস্থিত ছিলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র, তৃপ্তি প্রামাণিক, মন্দিরা মুখার্জী সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

● অযোধ্যায় রাম মন্দিরের শুভ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

● "বাংলার মানুষ চাইছে আমরা সর্ব ধর্ম সমন্বয়ে এক সাথে থাকব ।কোনো ভেদাভেদ নয়, কোনো বিভাজন নয়", মন্তব্য করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।

● গুড়াপে ভয়াবহ পথ দুর্ঘটনায় নিহত ১,আহত ১

● মেমারির পাল্লারোড এলাকায় পিকনিক করতে এসে দামোদরে স্নান করতে নেমে জলে ডুবে মৃত্যু হল হুগলির বেগমপুরের দুই যুবকের ।ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

● নির্ভিকভাবে সরকারের সমালোচনা করার অধিকার প্রত্যেক নাগরিকেরই আছে, জানিয়ে দিল মধ্যপ্রদেশ হাইকোর্ট।

● দশঘরা ফুটবল মাঠে এমএলএ কাপের শুভ সূচনা করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।

● সন্দেশখালির শেখ শাহজাহান এখন কোথায়, এ নিয়ে যখন প্রশ্ন সব মহলে,তখন সেখ শাহজাহান নিয়ে বিস্ফোরক দাবি করলেন রাজ্যের কারামন্ত্রী অখিল গিরি ।চিকিৎসার জন্য শেখ শাহজাহান রাজ্যের বাইরে গেছেন ! হলদিয়ার একটি অনুষ্ঠানে এসে এমনই দাবি করলেন অখিল গিরি।

● পূর্ব বর্ধমান জেলার জামালপুর চক্রের অন্তর্গত পাড়াতল ২ গ্রাম পঞ্চায়েতের ১২ টি প্রাথমিক বিদ্যালয় এবং ২ টি শিশু শিক্ষা কেন্দ্রকে নিয়ে শিপতাই স্কুল মাঠে অনুষ্ঠিত হল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

● বদলি হয়ে গেলেন আরামবাগের এসডিপিও অভিষেক মন্ডল ।আরামবাগের নতুন এসডিপিও হলেন সুপ্রভাত চক্রবর্তী।

● বদলি হয়ে গেলেন বর্ধমান সদর দক্ষিণের এসডিপিও সুপ্রভাত চক্রবর্তী ।বর্ধমান সদর দক্ষিণের নতুন এসডিপিও হলেন অভিষেক মন্ডল।

● "টিএমসি ক্যাডারদের মেরে হাত পা ভেঙে দেব, ওসি সাহেব, মেরুদণ্ড সোজা রাখুন", থানার সামনে হুঙ্কার বীরভূম জেলা বিজেপি সভাপতি ধ্রুব সাহার !

● ধনেখালি বাসস্ট্যান্ডে সৃষ্টিশ্রী মেলার উদ্বোধন করলেন রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী।

● জন্ম তারিখের প্রমাণ হিসেবে এখন থেকে আর ব্যবহার করা যাবে না আধার কার্ড, নির্দেশ জারি করে জানিয়ে দিল আধার কর্তৃপক্ষ।

● "যতই দুর্নীতি হোক,যাদের প্রকৃত কাজের দরকার তাদের জন্য কাজের সংস্থান করতে হবে। রাজ্য বা কেন্দ্র কাউকে এর দায়িত্ব নিতে হবে", একশো দিনের কাজের মামলায় নির্দেশ কোর্টের।

● একশো দিনের কাজে রাজ্যে জব কার্ড দুর্নীতির তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করল কলকাতা হাইকোর্ট।

● মৃত ব্যক্তিরাও পেলেন চাকরির নিয়োগ পত্র ! দীর্ঘ আইনি লড়াইয়ের পর ৬৬ জনকে নিয়োগ পত্র দিল হুগলি জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ ! তার মধ্যে ৪ জন মৃত, ৬২ জনের বয়স ষাটোর্ধ্ব !

● "আইএসএফকে যত ঘাঁটাবেন মুখ্যমন্ত্রী বা তৃণমূলের জন্য তত ক্ষতি হবে", বিস্ফোরক নওসাদ সিদ্দিকী।

● মাধ্যমিক,উচ্চ মাধ্যমিক ও হাই মাদ্রাসার পরীক্ষার সময় বদল ! সকাল ১১.৪৫ বা ১২ টা নয়,সকাল ৯.৪৫ মিনিট থেকে শুরু হবে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও হাই মাদ্রাসার পরীক্ষা।




Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com